বাংলাদেশ নৌবাহিনী

শান্তিতে সংগ্রামে সমূদ্রে দুর্জয়

সরাসরি কমিশন্ড অফিসার (সাব লেফ্‌টেন্যান্ট) পদে নিয়োগ ২০১০-এ ব্যাচ

● দেশ সেবা ● ব্যক্তিত্বের বিকাশ ● উন্নত জীবন ● উজ্জ্বল ভবিষ্যত ● প্রতিভার প্রস্ফুটন ● বিদেশ ভ্রমণ

উপযুক্ততা।

১। **বাংলাদেশ নৌবাহিনী ভলান্টিয়ার রিজার্ভ কমিশন (এক্সিকিউটিভ) শাখা (পুরুষ)।**

ক। **বয়স।** ০১ জানুয়ারী ২০১০ তারিখে ২১ থেকে ৩০ বৎসর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

খ। **শিক্ষাগত যোগ্যতা।** পদার্থ বিজ্ঞান/গণিত/রসায়ন বিষয়ে ন্যূনতম স্নাতক সম্মান/স্নাতক (এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ৩.০/দ্বিতীয় বিভাগ এবং স্নাতক সম্মান/স্নাতক পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.৫ (৪ স্কেলে)/দ্বিতীয় শ্রেণী)।

গ। **বৈবাহিক অবস্থা।** অবিবাহিত।

ঘ। **নিয়োগ।** চূড়ান্ত মনোনয়ন শেষে এক্সিকিউটিভ শাখায় 'এ্যাক্টিং সাব লেফ্‌টেন্যান্ট' পদে বিএনভিআর অফিসার হিসাবে ০৫ বৎসরের জন্য নিয়োগ করা হইবে। পরবর্তীতে বিধি অনুযায়ী চাকুরী বর্ধিত/স্থায়ী নিয়োগ প্রদান করা হইবে।

২। **ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রিক্যাল শাখা (পুরুষ)।**

ক। **বয়স।** ০১ জানুয়ারী ২০১০ তারিখে অনুর্ধ্ব ৩০ বৎসর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

খ। **শিক্ষাগত যোগ্যতা।**

(১) সরকার কর্তৃক স্বীকৃত যে কোন প্রকৌশল বিশ্ববিদ্যালয় হইতে নেভাল আর্কিটেকচার/মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংএ ন্যূনতম স্নাতক (এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০/দ্বিতীয় বিভাগ এবং স্নাতক পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.৫ (৪ স্কেলে)/দ্বিতীয় শ্রেণী)।

(২) উচ্চ শিক্ষা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

গ। **বৈবাহিক অবস্থা।** অবিবাহিত।

ঘ। **নিয়োগ।** চূড়ান্ত মনোনয়ন শেষে স্থায়ী কমিশন হিসাবে 'এ্যাক্টিং সাব লেফ্‌টেন্যান্ট' পদে নিয়োগ প্রদান করা হইবে।

ঙ। **অতিরিক্ত সুবিধাদি।**

(১) কমিশন প্রাপ্তির পর এককালীন ৪৫,০০০/০০(পঁয়তাল্লিশ হাজার পাঁচশত) টাকা বিশেষ ভাতা (থোক অনুদান) দেওয়া হইবে।

(২) দুই বৎসরের অগ্রিম প্রবীনতা প্রদান করা হইবে (বিধি মোতাবেক)

৩। **শিক্ষা শাখা (পুরুষ ও মহিলা)।**

ক। **বয়স।** ০১ জানুয়ারী ২০১০ তারিখে অনুর্ধ্ব ৩৫ বৎসর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

খ। **শিক্ষাগত যোগ্যতা।**

(১) নিম্নবর্ণিত যেকোন বিষয়ে সম্মানসহ মাষ্টার্স (এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০/দ্বিতীয় বিভাগ এবং সম্মানসহ মাষ্টার্সে ন্যূনতম সিজিপিএ ২.৫ (৪ স্কেলে)/দ্বিতীয় শ্রেণী)।

(১) গণিত (২) ইংরেজী (৩) গণ যোগাযোগ ও সাংবাদিকতা (সাবসিডিয়ারী বিষয় ইংরেজী সহ)

(২) ৪ বছর মেয়াদী অনার্স সম্পন্ন প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।

গ। **বৈবাহিক অবস্থা।** বিবাহিত/অবিবাহিত।

ঘ। **নিয়োগ।** চূড়ান্ত মনোনয়ন শেষে 'এ্যাক্টিং ইন্সট্রাক্টর সাব লেফ্‌টেন্যান্ট' পদে স্বল্প মেয়াদী কমিশনে ০৫ বৎসরের জন্য নিয়োগ প্রদান করা হইবে এবং পরবর্তীতে বিধি অনুযায়ী চাকুরী বর্ধিত করা হইবে।

৪। **শিক্ষা শাখা (আইন)-পুরুষ ও মহিলা।**

ক। **বয়স।** ০১ জানুয়ারী ২০১০ তারিখে অনুর্ধ্ব ৩৫ বৎসর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

খ। **শিক্ষাগত যোগ্যতা।** সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে সম্মানসহ এলএলএম (এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০/দ্বিতীয় বিভাগ এবং সম্মানসহ মাষ্টার্সে ন্যূনতম সিজিপিএ ২.৫ (৪ স্কেলে)/দ্বিতীয় শ্রেণী)।

গ। **পেশাগত অভিজ্ঞতা।** সুপ্রীম কোর্টে ০২ বৎসরের আইন পেশায় অভিজ্ঞতাসহ আইনজীবী হিসাবে ন্যূনতম ০৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।

ঘ। **বৈবাহিক অবস্থা।** বিবাহিত/অবিবাহিত।

ঙ। **নিয়োগ।** চূড়ান্ত মনোনয়ন শেষে 'এ্যাক্টিং ইন্সট্রাক্টর সাব লেফ্‌টেন্যান্ট' পদে স্বল্প মেয়াদী কমিশনে ০৫ বৎসরের জন্য নিয়োগ প্রদান করা হইবে এবং পরবর্তীতে বিধি অনুযায়ী চাকুরী বর্ধিত করা হইবে।

চ। **অতিরিক্ত সুবিধাদি।**

(১) কমিশন প্রাপ্তির পর এককালীন ৩২,৫০০/০০(বত্রিশ হাজার পাঁচশত) টাকা বিশেষ ভাতা (থোক অনুদান) দেওয়া হইবে।

(২) বিধি মোতাবেক অগ্রিম প্রবীনতা প্রদান করা হইবে।

সকল শাখার জন্য।

ক। **জাতীয়তা।** বাংলাদেশী নাগরিক।

খ। **শারীরিক মান (ন্যূনতম)।**

ক্রমিক	বিবরণ	পুরুষ	মহিলা
১	উচ্চতা	১৬২.৫ সেঃ মিঃ (৫´৪´´)।	১৫৫ সেঃ মিঃ (৫´১´´)।
২	ওজন	৫০ কেজি।	৪০ কেজি।
৩	বুকের মাপ	স্বাভাবিক ৭৬ সেঃ মিঃ (৩০´´)। সম্প্রসারিত ৮১ সেঃ মিঃ (৩২´´)।	স্বাভাবিক ৭১ সেঃ মিঃ (২৮´´)। সম্প্রসারিত ৭৬ সেঃ মিঃ (৩০´´)

অযোগ্যতা।

১। সেনা, নৌ ও বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকুরী হইতে বরখাস্ত কিংবা অপসারিত হইলে।

২। আইএসএসবি কর্তৃক দুইবার স্ক্রীণ্ড আউট/প্রত্যাখাত হইলে।

৩। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপীল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত হইলে।

৪। যে কোন বিচারালয় হইতে দন্ডপ্রাপ্ত হইলে।

৫। কোন বিদেশী নাগরিকের সহিত বিবাহসূত্রে আবদ্ধ বা অঙ্গীকারাবদ্ধ হইলে।

৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং একনামে একাধিক আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

মনোনয়ন পদ্ধতি ও নিয়োগ।

১। **প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকার।** প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকার ২৫ হইতে ২৮ সেপ্টেম্বর ২০০৯ তারিখে (পরিবর্তযোগ্য) ঢাকায় অনুষ্ঠিত হইবে।

২। **লিখিত পরীক্ষা।** প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় ও প্রাথমিক সাক্ষাৎকারে উপযুক্ত বিবেচিত প্রার্থীগণের ২৯ সেপ্টেম্বর ২০০৯ তারিখে (পরিবর্তনযোগ্য) লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

৩। **আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার।** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকায় অনুষ্ঠিত হইবে।

৪। **চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা।** আইএসএসবি কর্তৃক নির্বাচিত প্রার্থীগণের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার জন্য বিএনএস হাজী মহসীনে উপস্থিত হইতে হইবে।

৫। **চূড়ান্ত মনোনয়ন।** নৌ বাহিনী সদর দপ্তরে অনুষ্ঠিতব্য সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্ত মনোনয়ন করা হইবে।

বেতন ও ভাতা। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতন ক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হইবে।

আবেদনপত্র সংগ্রহ।

১। বাংলাদেশের যে কোন শাখার সোনালী ব্যাংক হইতে "ট্রেনিংকাম্‌রি ক্রুটমেন্ট ফান্ড" সঞ্চয়ী হিসাব নং ৩৪০০১৩০৭, সোনালী ব্যাংক, নেভাল হেডকোয়ার্টার্স শাখা, বনানী, ঢাকা এর অনুকূলে ২০০/০০ (টাকা দুইশত মাত্র) টাকার (অফেরতযোগ্য) প্লেঅর্ডার/ব্যাংক ড্রাফট সংগ্রহ করিতে হইবে।

২। উক্ত ব্যাংক ড্রাফট/প্লেঅর্ডার নিম্নের যে কোন ঠিকানায় দেখাইয়া বিনামূল্যে আবেদনপত্র ফরম (কমিশন)১ (খ) ও ২ (খ) সংগ্রহ করা যাইবে (ব্যাংক ড্রাফট /প্লেঅর্ডারটি পরবর্তীতে ফরম (কমিশন)১ (খ) এর সহিত জমা দিতে হইবে) ঃ

ক। গার্ডরুম, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা১২১৩।

খ। নৌ বাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, বিএনএস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস, ঢাকা১২০৬।

গ। সদর দপ্তর, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, ১৬০, কাকরাইল, ঢাকা।

ঘ। নৌ বাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, টাইগারপাস, চট্টগ্রাম।

ঙ। নৌ বাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, বাড়ী নং ৪২, রবার্টশনগঞ্জ, আলম নগর, রংপুর।

চ। বা নৌ জা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা।

ছ। ষ্টেশন হেডকোয়াটার্স, বগুড়া সেনানিবাস, বগুড়া।

জ। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) অফিসসমূহ ঃ

(১) ২৬/১ নং সানকিপাড়া, ক্যান্টনমেন্ট রোড, ময়মনসিংহ
(২) পূর্ব আদালত পাড়া, টাঙ্গাইল
(৩) মুন্সিপাড়া রোড, ফুলতলা, জামালপুর
(৪) টেপাখোলা, ফরিদপুর
(৫) বাড়ী নং ৪২/ডি, রাজশাহী সেনানিবাস, রাজশাহী
(৬) নিউ জুবলী ওয়াটার ট্যাংক রোড, পাবনা
(৭) বাসুনিয়া পট্টি, দিনাজপুর
(৮) জেলখানা রোড, কুমিল্লা
(৯) ডিসি অফিস এরিয়া, মাইজদীকোট, নোয়াখালী
(১০) বনরূপা, রাঙ্গামাটি
(১১) তেলীহাত্তর, সিলেট
(১২) বেজপাড়া রেল রোড, যশোর
(১৩) ঝিনাইদহ রোড, কাষ্টম মোড়, কুষ্টিয়া
(১৪) পুরাতন টাউনহল, বরিশাল ও
(১৫) রডরস অফিস এরিয়া, পটুয়াখালী

৩। **www.bangladeshnavy.org** ওয়েব সাইট হইতেও আবেদনপত্র দুইটি ডাউনলোড করা যাইবে।

আবেদনপত্র প্রেরণ/জমা প্রদান।

১। **ফরম (কমিশন)-১ (খ) এক পৃষ্ঠা।** এই ফরমটি যথাযথভাবে পুরণপূর্বক বিজ্ঞাপনে প্রদত্ত নির্ধারিত তারিখের মধ্যে নিম্নে বর্ণিত বিষয়সমূহ সংযুক্ত করিয়া বর্ণিত ঠিকানায় জমা দিতে হইবেঃ

ক। **ছবি।** সম্প্রতি তোলা রঙ্গীণ ০৩ কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি ফরম (কমিশন)১ (খ) এর সাথে সংযোজন করিতে হইবে।

খ। **ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।** ট্রেনিংকাম্‌রি ক্রুন্টমেন্ট ফান্ডের অনুকূলে ক্রয়কৃত ব্যাংক ড্রাফট/প্লেঅর্ডার।

গ। **টিকেট সম্বলিত খাম।** প্রাপকের জায়গায় নিজ ঠিকানা লিখিত ২৩X১০ সেঃ মিঃ সাইজের ৮.০০ (টাকা আট মাত্র) টাকার অব্যবহৃত ডাক টিকেট লাগানো একটি খাম।

২। **ফরম (কমিশন)-২ (খ) চার পৃষ্ঠা।** এই ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক নিম্নবর্ণিত সনদপত্রসমূহ সংযোজন করিয়া নিম্নে বর্ণিত ঠিকানায় ফরম (কমিশন)১ (খ) এর সহিত প্রেরণ অথবা প্রাথমিক সাক্ষাৎকারের সময় জমা দিতে হইবে ঃ

ক। সম্প্রতি তোলা রঙ্গীণ পাসপোর্ট সাইজের ১ (এক) কপি সত্যায়িত ছবি।

খ। শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও মার্কশীট এর সত্যায়িত কপি।

গ। স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হইতে চারিত্রিক সনদপত্র।

বিশেষ নির্দেশাবলী

১। সরকারী, আধাসরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

২। আইএসএসবি ব্যতীত অন্যান্য পরীক্ষা/ইন্টারভিউ এর জন্য কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হইবে না।

৩। ব্যাংক ড্রাফ্‌ট/প্লেঅর্ডার নম্বর ও তারিখ আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে।

৪। খামের উপরে প্রার্থী কোন শাখায় যোগদানে ইচ্ছুক তাহা লিখিতে হইবে।

৫। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অফিসার নির্বাচনের জন্য সকল শর্ত পূরণ সাপেক্ষে অগ্রাধিকার থাকিবে।

আবেদনপত্র প্রেরণের ঠিকানা

পরিচালক
পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা১২১৩
বিশেষ প্রয়োজনে যোগাযোগ করুন ঃ
ফোন ঃ ৮৭৫৪০৪১-৫ বর্ধিত ২২১১, মোবাইল ০১৭৩০০৫৮৫৮৫

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ০৫ সেপ্টেম্বর ২০০৯

হুঁশিয়ারী ঃ ভর্তির ব্যাপারে কোন অসৎ ব্যক্তির সহিত যোগাযোগ করিয়া প্রতারিত হইবেন না।